

নেভাডা শিক্ষা বিভাগ
ইংরেজি শিক্ষারত শিক্ষার্থী ও বাবা-মায়েদের
অধিকার
বাংলা
অ্যাসেম্বলি বিল 195: সারসংক্ষেপ



যারা ইংরেজি শিখছেন, তাদের ব্যাপারে সংস্থান পরিবর্তন করা হয়েছে অ্যাসেম্বলি বিল (AB) 195 (2021) এর মাধ্যমে। 2 জুন, 2021 তারিখে গভর্নর স্টিভ সিসোলাকের অনুমোদন প্রাপ্ত AB 195-এর মাধ্যমে ইংরেজি শিক্ষারত শিক্ষার্থী এবং বাবা-মায়েদের অধিকার বর্ধিত করা হয়েছে। বিলের সেকশন তিনের মধ্যে নিচে উল্লেখিত অধিকারগুলির একটি সারসংক্ষেপ দেওয়া হয়েছে।

সেকশন তিন: ইংরেজি শিক্ষারত শিক্ষার্থী এবং বাবা-মায়েদের অধিকার

1. যারা ইংরেজি শিখছে, তারা নিচের অধিকার পাবে:

- শিক্ষার্থীর অভিভাবক বা বাবা/মা বা শিক্ষার্থীর প্রাথমিক ভাষা বা ইমিগ্রেশন স্ট্যাটাস নির্বিশেষে তারা যথাযথ ফ্রি সরকারি শিক্ষা পাবেন।
- একই গ্রেড লেভেলে শিক্ষার্থীদের অফার করা সমস্ত প্রোগ্রামিং এবং সার্ভিসে সমান অ্যাক্সেস, যারা নিজেদের নথিভুক্ত স্কুল বা স্কুল ডিস্ট্রিক্টে ইংরেজি শিক্ষার্থী নয়।
- অন্যান্য শিক্ষার্থীর মতো একই গ্রেড লেভেলে নির্দেশনা পাওয়া, যারা ইংরেজি শিক্ষার্থীদের মতো একই বয়সী, যদি না সংশ্লিষ্ট শিক্ষার্থী যে স্কুল বা স্কুল ডিস্ট্রিক্টে নথিভুক্ত, তাদের তরফ থেকে ঠিক করা হয় যে সেই ইংরেজি শিক্ষার্থীকে অন্য কোনো গ্রেডে রাখা যথাযথ হবে কি না।
- এক্সট্রাকারিকুলার অ্যাক্টিভিটিতে অংশগ্রহণের জন্য সমান অ্যাক্সেস;
- যারা ইংরেজি শিক্ষার্থী নয়, স্কুল বা স্কুল ডিস্ট্রিক্টে নথিভুক্ত এমন শিক্ষার্থীদেরকে স্কুল বা স্কুল ডিস্ট্রিক্টের দেওয়া শিক্ষামূলক সহায়তার জন্য যথাযথ পরিষেবা পাবেন।
- NRS 390.105 সাপেক্ষে পরিচালিত একটি পরীক্ষার ফলাফল, লিমিটেশন ছাড়া, এটি সহ শিক্ষার্থীর শিক্ষামূলক পারফরমেন্সের ব্যাপারে তথ্য সংগ্রহ করতে এবং ইংরেজি ভাষা শিক্ষায় শিক্ষার্থীদের উন্নতি প্রতি বছর মূল্যায়ন করা হবে।
- ইংরেজি শিক্ষার্থীদের কোনো প্রোগ্রামে শিক্ষার্থীকে অংশগ্রহণ করানোর ব্যাপারে শিক্ষার্থীর অভিভাবক বা বাবা/মা অস্বীকার না করলে ইংরেজি শিক্ষার্থী হিসাবে শ্রেণিবদ্ধ শিক্ষার্থী হিসাবে থাকাকালীন ইংরেজি শিক্ষার জন্য তাকে নথিবদ্ধ রাখা হবে।

2. যারা ইংরেজি শিখছে, তাদের বাবা/মা বা অভিভাবক নিচের অধিকার পাবেন:

- শিক্ষার্থী বা বাবা/মা বা অভিভাবকের ইমিগ্রেশন স্ট্যাটাস প্রকাশ না করেই কোনো সরকারি স্কুলে নিজের সন্তানকে নথিভুক্ত করা;
- যতদূর সম্ভব, স্কুল ডিস্ট্রিক্টের সাথে ইন্টারঅ্যাকশনের সময় বাবা/মা বা অভিভাবকের সাথে বাবা/মা বা অভিভাবকের প্রাথমিক ভাষায় একজন দোভাষীর ব্যবস্থা করা;
- যতদূর সম্ভব, ইংরেজি এবং মাতৃভাষায় লিখিত নোটিশ দিতে হবে সেই সমস্ত শিক্ষার্থীর বাবা/মা বা অভিভাবককে, যাদের ইংরেজি শিক্ষার্থী হিসাবে চিহ্নিত করা হয়েছে এবং ইংরেজি শিক্ষার্থীদের প্রোগ্রামে যারা অংশগ্রহণ করবেন;
- ইংরেজি ভাষা শিক্ষার ব্যাপারে শিক্ষার্থীর উন্নতি এবং শিক্ষার্থী যদি কোনো বাইলিঙ্গুয়াল শিক্ষার জন্য নথিভুক্ত

থাকেন, তাহলে সেই প্রোগ্রামের ভাষা শিক্ষার ব্যাপারে শিক্ষার্থীর উন্নতি সম্পর্কে বিশদ তথ্য প্রদান।

- e. বাবা/মা বা অভিভাবকের অনুরোধ অনুযায়ী, যে স্কুলে শিক্ষার্থী নথিভুক্ত, সেখানে বছরে অন্তত একবার স্টাফের সাথে দেখা করা, এছাড়া অন্য কোনো মিটিং থাকলেও যেতে হবে, যাতে ইংরেজি ভাষা শিক্ষায় শিক্ষার্থীর সামগ্রিক উন্নতি নিয়ে আলোচনা করা যায়;
- f. স্কুল ডিস্ট্রিক্টের মধ্যে অন্য কোনো স্কুলে শিক্ষার্থীকে ট্রান্সফার করা, যেখানে শিক্ষার্থী বর্তমানে নথিভুক্ত থাকলেও সেখানে ইংরেজি শিক্ষার সুবিধা দেওয়া হচ্ছে না বা NRS 388.408 অনুযায়ী কোনো সংশোধনীয়মূলক অ্যাকশন প্ল্যানের আওতায় আছে;
- g. সাবসেকশন 1 এর প্যারাগ্রাফ (f) সাপেক্ষে শিক্ষার্থীর কোনো মূল্যায়ন সম্পর্কিত তথ্য সরবরাহ; এবং
- h. প্রযোজ্য অনুসারে ডিপার্টমেন্ট বা স্কুল ডিস্ট্রিক্টের সাথে যোগাযোগ করা, যদি স্কুল বা স্কুল ডিস্ট্রিক্ট, যেখানে শিক্ষার্থী নথিভুক্ত, সেখানে এই সেকশনের সংস্থান উল্খন করা হলে।